# সংবাদ

তারিখ ... 05 OCT 2016 ...
পৃষ্ঠা ১৬ ... কলাম ৩ ...

গার্হস্থ্য অর্থনীতি কলেজ

## ঢাবি ইনস্টিটিউটের দাবিতে শিক্ষার্থীদের সড়ক অবরোধ

**নিজস্ব বার্তা পরিবেশক**

গার্হস্থ্য অর্থনীতি কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট করার দাবিতে নীলক্ষেত মোড়ে সড়ক অবরোধ করে ওই কলেজের ছাত্রীরা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত গার্হস্থ্য অর্থনীতি কলেজকে বিশ্ববিদ্যালয়টির ইনস্টিটিউটের মর্যাদা দেয়ার দাবিতে গত কিছুদিন ধরে আন্দোলন করছে শিক্ষার্থীরা।

গতকাল বেলা সাড়ে ১১টার দিকে গার্হস্থ্য অর্থনীতি কলেজের শিক্ষার্থীরা রাজধানীর নীলক্ষেত মোড় অবরোধ করে। এতে মিরপুর রোড, আজিমপুর, ঢাকা বিশ্ববিদ্যালয় ও নিউমার্কেটের ১ নম্বর গেটের পাশের রাস্তায় সব ধরনের যানচলাচল বন্ধ হয়ে যায়। মিরপুর রোডে ও আজিমপুর রোডে যানজটের সৃষ্টি হয়। দুর্ভোগ পোহাতে হয় সাধারণ মানুষকে।

একপর্যায়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক ড. এসএম ওহিদুজ্জামান সেখানে ঢাবি : পৃষ্ঠা : ২ ক : ৪



ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউট করার দাবিতে গতকাল নীলক্ষেত মোড়ে সড়ক অবরোধ করে গার্হস্থ্য অর্থনীতি কলেজের ছাত্রীরা —সংবাদ

ঢাবি : ইনস্টিটিউটের

(১৬ পৃষ্ঠার পর)

গেলে আন্দোলনরত ছাত্রীরা তাকে ঘিরে ধরেন। শিক্ষামন্ত্রী ঢাকা কলেজের একটি অনুষ্ঠানে আছেন জানতে পেরে ছাত্রীরা তাকে কলেজে ঘিরে ধরেন। এ সময় তারা কলেজের প্রধান ফটকে তালা দিয়ে রাখেন।

আন্দোলনকারী ছাত্রীরা জানায়, অনেক দিন ধরেই তারা গার্হস্থ্য অর্থনীতি কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউটের মর্যাদা দেয়ার দাবিতে আন্দোলন করছেন। এর আগেও একাধিকবার ইনস্টিটিউট করার দাবিতে আন্দোলন হয়েছে।

একপর্যায়ে ঢাবি কর্তৃপক্ষ তাদের জানায়, শিক্ষা প্রতিষ্ঠানকে ইনস্টিটিউটের আওতায় আনতে হলে সহশিক্ষা কার্যক্রম চালু করতে হবে। এরপর গত ২১ সেপ্টেম্বর কলেজটিতে সহশিক্ষা কার্যক্রম চালুর দাবিতে শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর একটি স্মারকলিপি দেয়।

স্মারকলিপি দেয়ার সময় তাদের দাবি পূরণের আশ্বাস দেয়া হলেও কার্যকর কোন ব্যবস্থা নেয়া হয়নি অভিযোগ করে শিক্ষার্থীরা বলেন, তাই তারা রাস্তায় নেমেছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, কলেজটি সরকারের। সরকার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট করবে কি না সেটা তাদের ব্যাপার। এখানে আমাদের কিছু করার নেই।

কলেজের শিশু বিকাশ ও সামাজিক সম্পর্ক বিভাগের মাস্টার্সে অধ্যয়নরত ফারজানা নাজনীন বলেন, ঢাবির ইউনিট হিসেবে আমরা এখানে ভর্তি হই। কিন্তু ভর্তি হওয়ার পর এখানে আমাদের কোন সুযোগ-সুবিধা দেয়া হয় না। আমরা গত শনিবারও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের কাছে স্মারকলিপি দিয়েছি। তিনি বলেন, আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউটের দাবি জানাচ্ছি। একই সঙ্গে এখানে সহশিক্ষা কার্যক্রম চালুর দাবি জানাচ্ছি।